# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৬৫/১৪৫ তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩২ / ১৬ অক্টোবর, ২০২৫

বিষয় : মাদ্রাসা প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র জমাদান প্রসঙ্গে

সূত্র : বোর্ডের ই-ফাইলে নং ৩৩৩২৫১১০৮৭৫১ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন আল-বাইতুল মামুর ফাজিল মাদরাসা এন্ড বি এম কলেজর গভার্নিং বডিতে "প্রতিষ্ঠাতা সদস্য পদটি শূন্য" মর্মে বোর্ড থেকে প্রত্যয়নপত্র দেওয়ার জন্য মাদ্রাসার অধ্যক্ষ জনাব আ: মুক্তাদির কর্তৃক অভিযোগ আবেদন দাখিল করা হয়েছে। অভিযোগে আবেদনে উল্লেখ করা হয়েছে ২০২৪ সালে মাদ্রাসার কমিটি গঠন কালে জনাব আ: মালেক এডিসি (শিক্ষা ও আইসিটি), মাদারীপুর বরাবর প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভূক্ত হওয়ার জন্য আবেদন করেন। আবেদনকারী তার আবেদনের স্বপক্ষে কোন কাগজপত্র জমা দিতে না পারায় তাকে অন্তর্ভূক্ত ব্যতিরেকে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় এডহক কমিটি অনুমোদন করা হয়। পরবর্তীতে একই দাবীতে ভিসি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর অভিযোগ দাখিল করলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে তদন্ত দেওয়া হয়। তদন্তে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর উভয় পক্ষের স্বাক্ষ্য গ্রহণ ও কাগজপত্র যাচাই করে নীতিমালা অনুযায়ী জনাব আ: মালেক এর দাবীর গ্রহণযোগ্যতা নাই মর্মে প্রতিবেদন দেন। প্রতিবেদনের আলোকে প্রতিষ্ঠাতা পদটি শূন্য রেখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে গভার্নিং বডি অনুমোদন দেওয়া হয়। পরবর্তীতে জনাব আ: মালেক একই বিষয়ে পুন: তদন্তের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে আবেদন করায় প্রতিষ্ঠাতা পদ নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠাতা সংক্রান্ত অধিকতর সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন প্রতিষ্ঠাতা বিষয়ে দলিল, রেজুলেশন ও প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠাতা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র এবং প্রতিষ্ঠাতা দাবিদার জনাব আ: মালেক এর স্বপক্ষে প্রতিষ্ঠাতা হিসাবে লিখিত বক্তব্য ও সমর্থনীয় যাবতীয় প্রমাণকসহ প্রয়োজনীয় কাগজপত্র ১৫ (পনেরো) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৬.১০.২৫

১। জনাব আ: মালেক, প্রতিষ্ঠাতা (দাবিদার)
আল-বাইতুল মামুর ফাজিল মাদরাসা এন্ড বি এম কলেজর
২। অধ্যক্ষ,
আল-বাইতুল মামুর ফাজিল মাদরাসা এন্ড বি এম কলেজর,
শিবচর, মাদারীপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/মাদারীপুর-৬৫/১৪৫ তারিখ: ৩১ আশ্বিন, ১৪৩২ / ১৬ অক্টোবর, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মাদারীপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১৬/১০/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\Wanting.docx

১৬.১০.২৫